

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ ২৫. হযরত মুহাম্মাদ (সাঃ) - মাক্কী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

২. প্রতিবেশীদের অত্যাচার (اضطهاد الجيران)

রাসূলুল্লাহ (ছাঃ)-এর নিকটতম প্রতিবেশী ছিলেন তাঁর চাচা আবু লাহাব। তিনি ও তার স্ত্রী ছাড়াও কষ্টদানকারী অন্যান্য প্রতিবেশী ছিল হাকাম বিন আবুল 'আছ বিন উমাইয়া, উকবা বিন আবু মু'আইয়্ব, 'আদী বিন হামরা ছাকাফী, ইবনুল আছদা আল-হুযালী। প্রতিবেশীদের মধ্যে কেবল হাকাম বিন আবুল 'আছ বিন উমাইয়া ইসলাম কবুল করেছিলেন (ইবনু হিশাম ১/৪১৫-১৬)। ইনিই ছিলেন উমাইয়া বংশের অন্যতম খলীফা মারওয়ানের পিতা। বস্তুতঃ মু'আবিয়া (রাঃ) ও ইয়ায়ীদ বাদে মারওয়ানের বংশধরগণই ছিলেন উমাইয়া খেলাফতের পরপর খলীফা। অন্যান্য প্রতিবেশীরাও রাসূল (ছাঃ)-এর উপর নানাবিধ অত্যাচার চালায়। তাতে সান্ত্বনা দিয়ে আল্লাহ বলেন, وَلَقُدُ جَاءَكَ مِنْ كُذَّبُوا وَأُوذُوا حَتَّى أَتَاهُمْ نَصْرُنَا وَلاَ مُبْدِل لِكَلِمَاتِ اللهِ وَلَقَدْ جَاءَكَ مِنْ 'তোমার পূর্বের বহু রাসূলকে মিথ্যা বলা হয়েছে। কিন্তু এ মিথ্যারোপে তারা ছবর করেছেন এবং তারা নির্যাতিত হয়েছেন যতক্ষণ না তাদের কাছে আমাদের সাহায্য এসে পৌছেছে। আর আল্লাহর বাণীসমূহের পরিবর্তনকারী কেউ নেই। এ বিষয়ে নবীগণের কিছু খবর তোমার নিকটে পৌছে গেছে (যার মধ্যে তোমার জন্য অনেক শিক্ষণীয় বিষয় রয়েছে)' (আন'আম ৬/৩৪)।[1]

ফুটনোট

[1]. প্রসিদ্ধ আছে যে, প্রতিবেশীরা যবেহ করা দুম্বা-ভেড়ার নাড়ি-ভুঁড়ি রাসূল (ছাঃ)-এর বাড়ীর মধ্যে ছুঁড়ে মারত। রাসূল (ছাঃ) সেগুলি কুড়িয়ে নিয়ে দরজায় দাঁড়িয়ে ডাক দিয়ে বলতেন ﴿غَنُ جُوارٍ هَذَا 'হে বনু 'আন্দে মানাফ! এটা কেমন প্রতিবেশী সূলভ আচরণ? এরপর তিনি সেগুলি দূরে ফেলে আসতেন' (ইবনু হিশাম ১/৪১৬; আর-রাহীক্ব পৃঃ ৮৭)। বর্ণনাটি মওযূ' বা জাল (সিলসিলা যঈফাহ হা/৪১৫১)।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5235

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন